



বাংলাদেশ ব্যাংকের ঘটনা সরকারের মব-কালচারের সূচনা: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান মন্তব্য করেছেন, বাংলাদেশ ব্যাংকে সম্প্রতি ঘটে যাওয়া পরিস্থিতি বর্তমান সরকারের সমর্থিত মব-সংস্কৃতির আনুষ্ঠানিক সূচনার মতো মনে হচ্ছে।

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সকালে তিনি নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে এ বিষয়টি তুলে ধরেন।

ডা. শফিকুর রহমান লিখেছেন, বাংলাদেশ ব্যাংকের গভর্নর ও তার উপদেষ্টার মতো সম্মানিত ব্যক্তিদের অপমান করা সম্পূর্ণ অগ্রহণযোগ্য। তিনি বলেন, দেশের অর্থনীতি ইতিমধ্যেই ফ্যাসিবাদের চাপ, দুর্নীতি, চাঁদাবাজি ও সিডিকেটের কারণে কঠিন অবস্থায় রয়েছে। এর সঙ্গে যদি রাষ্ট্রের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানেও অনাকাঙ্ক্ষিত কর্মকাণ্ড চলে, তবে দেশের অর্থনৈতিক অবস্থা আরও বিপর্যস্ত হবে।

তিনি আরও উল্লেখ করেছেন, এই বিশৃঙ্খলার বিরুদ্ধে সমাজের সব স্তর থেকে দল-মত নির্বিশেষে প্রতিবাদ করা প্রয়োজন। ইতিমধ্যেই বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে মব সৃষ্টি করে দক্ষ ও দেশপ্রেমিক কর্মকর্তাদের ওপর নানা উৎপাতের খবর পাওয়া যাচ্ছে।

ডা. শফিকুর রহমান দাবি করেন, একটি গণতান্ত্রিক ও বৈষম্যহীন বাংলাদেশ গড়তে হলে এসব অপতৎপরতা অবিলম্বে বন্ধ করতে হবে। পাশাপাশি তিনি বলেন, দেশের গুরুত্বপূর্ণ পদগুলোতে দায়িত্ব দেওয়া উচিত যোগ্য ও দেশপ্রেমিক ব্যক্তিদের, দলীয় আনুগত্যের ভিত্তিতে নয়।